UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)
ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref: ***Date:*** *২১ জুলাই ২০১১*

প্রেস বিজ্ঞপ্তি

সংখ্যালঘু জাতিসমূহকে বাঙালি জাতীয়তা চাপিয়ে দেয়ার প্রতিবাদে এবং পঞ্চদশ সংশোধনী বাতিলের দাবিতে

খাগড়াছড়ি ও রাঙামাটিতে শান্তিপূর্ণভাবে সড়ক ও নৌপথ অবরোধ পালিত

পার্বত্য চট্টগ্রামসহ দেশের সকল সংখ্যালঘু জাতিসমূহকে বাঙালি জাতীয়তা চাপিয়ে দেয়ার প্রতিবাদে এবং পঞ্চদশ সংশোধনী বাতিলের দাবিতে ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর ডাকে ৩৬ ঘন্টার সড়ক অবরোধ বড় ধরনের কোন অপ্রীতিকার ঘটনা ছাড়াই শান্তিপূর্ণভাবে আজ শেষ হয়েছে। অবরোধ চলাকালীন খাগড়াছড়ি ও রাঙামাটি জেলা শহর সহ সকল উপজেলায় অভ্যন্তরীণ ও দুরপাল্লার যান চলাচল বন্ধ ছিল।

অবরোধের দ্বিতীয় দিনেও খাগড়াছড়ি শহরে পিকেটিং করার সময় পুলিশ পিকেটারদের বাধা দেয়। এ সময় খাগড়াছড়ি শহরে পর্যাপ্ত সংখ্যক পুলিশ মোতায়েন করা হয়। পাশাপাশি সেনা টহলও জোরদার করা হয়। একই সাথে প্রশাসন ভ্রাম্যমান আদালতও বসায়।

ইউপিডিএফ-এর কেন্দ্রীয় নেতা উজ্জ্বল স্মৃতি চাকমা এক বিবৃতিতে অবরোধ কর্মসূচি পালনে সহযোগিতা করায় খাগড়াছড়ি ও রাঙামাটি জেলার সকল সড়ক ও নৌ পরিবহন (ট্রাক, বাস, মিনিবাস, জিপ, সিএনজি, অটো রিক্সা, লঞ্চ, নৌ-যান ইত্যাদি) মালিক সমিতি ও পরিবহন শ্রমিক সংগঠনসহ পাহাড়ি-বাঙালি সাধারণ জনগণের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়েছেন।

তিনি সরকারের প্রতি পাহাড়ি জনগণকে জোর করে বাঙালি বানানোর প্রচেষ্টা পরিহার করার আহ্বান জানিয়ে বলেন, বাংলাদেশে বহু জাতি ও ভাষাভাষীর লোকের বসবাস। তাদের প্রত্যেকের নিজ নিজ জাতীয় পরিচয়, ঐতিহ্য ও সংস্কৃতি নিয়ে বাস করার অধিকার আছে। এক-জাতি রাষ্ট্র নির্মাণের জন্য বাংলাদেশ স্বাধীন হয়নি।

"দেশ স্বাধীন হওয়ার পর শেখ মুজিবর রহমান সংবিধানে পাহাড়িসহ দেশের সংখ্যালঘু জাতির জনগণকে বাঙালি হিসেবে পরিচিত করে যে ঐতিহাসিক ভুল করেছিলেন, বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা সেই একই ভুলের পুনরাবৃত্তি করলেন" মন্তব্য করে তিনি বলেন, "এই ভুল অবিলম্বে সংশোধন করা না হলে তার খেসারত একদিন দিতে হবে।"

তিনি বলেন, পাহাড়ি ও বাঙালিদের মধ্যে যোগাযোগ ও আদান-প্রদানের ইতিহাস বহু শতাব্দী পুরনো। আমাদের পূর্ব পুরুষরা অতীতে কেউ নিজেদের বাঙালি বলে পরিচয় দেননি; অপরদিকে বাঙালিদের পূর্ব পুরুষরাও পাহাড়িদের কোন দিন বাঙালি বলে সম্বোধন করেননি বা এখনো কেউ করেন না। কাজেই সাংবিধানিকভাবে জোর করে পাহাড়িদেরকে বাঙালি জাতির মধ্যে বিলীন করার মাধ্যমে সরকারের চরম অগণতান্ত্রিক ও ফ্যাসিস্ট চরিত্রই ফুটে উঠেছে।

বিবৃতিতে তিনি অবিলম্বে পার্বত্য চট্টগ্রামসহ দেশের বসবাসরত সকল সংখ্যালঘু জাতিসমূহকে নিজ নিজ জাতীয় পরিচয়ে সাংবিধানিক স্বীকৃতি, সংবিধানের পঞ্চদশ সংশোধনী বাতিল, পার্বত্য চট্টগ্রামকে বিশেষ

স্বায়ত্তশাসিত অঞ্চল ঘোষণা করা, পার্বত্য চট্টগ্রাম থেকে সেনাবাহনী প্রত্যাহার ও সেটলার বাঙালিদের সম্মানজনক সমতলে পুনর্বাসন ও পাহাড়িদের প্রথাগত ভূমি অধিকারের স্বীকৃতির দাবি জানান। অন্যথায় ইউপিডিএফ পরবর্তীতে আবারো কঠোর কর্মসূচি ঘোষণা করতে বাধ্য হবে বলে তিনি হুঁশিয়ারী উচ্চারণ করেন।

উল্লেখ্য, পার্বত্য চট্টগ্রামসহ দেশের সকল সংখ্যালঘু জাতিসমূহের ওপর বাঙালি জাতীয়তা চাপিয়ে দেয়ার প্রতিবাদে ও সংবিধানের পঞ্চদশ সংশোধনী বাতিলের দাবিতে ইউপিডিএফ খাগড়াছড়ি ও রাঙামাটি জেলায় ২০ ও ২১ জুলাই দুই দিন (৩৬ ঘন্টা) এবং বান্দরবানে ২০ জুলাই সকাল-সন্ধ্যা শান্তিপূর্ণ সড়ক ও নৌপথ অবরোধের ডাক দেয়।

বার্তা প্রেরক



নিরন চাকমা
প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউপিডিএফ